

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৯/২০১৪

অভিযোগকারী : জনাব গোলাম মোস্তফা জীবন

পিতা-গাজী মোঃ ময়েজ উদ্দিন সরকার
রেলওয়ে কলোনী
(মার্কার্জ মসজিদ সংলগ্ন)
সিরাজগঞ্জ।

প্রতিপক্ষ : জনাব মোঃ সুজাউদ্দৌলা

সহকারী কমিশনার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৪-০৩-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব গোলাম মোস্তফা জীবন, তার দাখিলকৃত ০২/২০১৪ নং অভিযোগের তথ্য প্রাপ্ত না হয়ে ১২-০২-২০১৪ তারিখে সিরাজগঞ্জ জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ সুজাউদ্দৌলা এর বিরুদ্ধে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, ০২/২০১৪ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক তথ্য সরবরাহ করা হয়নি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহ না করায় প্রার্থীত তথ্য পেতে অভিযোগকারী পুনরায় ১২-০২-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০২। বিষয়টি কমিশনের ০৬-০৩-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৪-০৩-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) গরহাজির। অভিযোগকারী তথ্য কমিশন বরাবরে পত্র প্রেরণপূর্বক উল্লেখ করেন যে, তিনি তথ্য প্রাপ্ত হয়েছেন। বর্তমানে তার কোন অভিযোগ নেই বিধায় তিনি অভিযোগটি প্রত্যাহার করার আদেশ দানের অনুরোধ জানিয়েছেন।

পর্যালোচনা।

অভিযোগকারীর দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীকে তথ্যাদি সরবরাহ করা হয়েছে। অভিযোগকারী তথ্য প্রাপ্ত হয়েছেন এবং অভিযোগটি প্রত্যাহারের জন্য অনুরোধ জানিয়েছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

যেহেতু, অভিযোগকারী তথ্য প্রাপ্ত হয়েছেন এবং অভিযোগটি প্রত্যাহার করার জন্য আবেদন করেছেন, সেহেতু, অভিযোগটি প্রত্যাহারের অনুমতি প্রদানসহ নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(অধ্যাপক ড. সাদেকা হালিম)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(মোহাম্মদ আবু তাহের)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার